কেদারগঞ্জে এম বি আর বাজার জামে মসজিদ নির্মাণ কাজের উদ্বোধন

মুজিবনগরের কেদারগঞ্জ এমবিআর বাজার সাপ্তাহিক হাট সংলগ্ন জামে মসজিদ নির্মাণ কাজের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৮ অক্টোবর) সকাল ১১ টার সময় অতিথি হিসাবে উপস্থিত থেকে কেদারগঞ্জ বাজার সাপ্তাহিক হাট সংলগ্ন মুক্তিযোদ্ধা কমপ্লেক্স এর পাশে জামে মসজিদ এর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন, মুজিবনগর মুজিবনগর থানা অফিসার ইনচার্জ ওসি মিজানুর রহমান, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি সাবেক উপজেলা চেয়ারম্যান আমিরুল ইসলাম, মেহেরপুর জেলা জামাতের আমির মাও: তাজউদ্দিন খান এবং জামে মসজিদ নির্মাণ কমিটি ও এমবিআর বাজার কমিটির সভাপতি আব্দুল হামিদ।

এ সময় মসজিদের নির্মাণ কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পূর্ণ করার জন্য মহান আল্লাহ তাআলার নিকট দোয়া ও সাহায্য প্রার্থনা করা হয়।

এমবিআর বাজার জামে মসজিদের উদ্বোধন অনুষ্ঠানে অতিথিরা বলেন, আল্লাহর ঘর নির্মাণে সমাজের বিত্তবান মানুষজনকে এগিয়ে আসতে হবে। যার যতটুকু সামর্থ্য আছে সে অনুযায়ী সহযোগিতা করতে হবে। আসুন আমরা সবাই মিলে এই আল্লাহর ঘর নির্মাণে সহযোগিতা করি।

এ সময় মসজিদ নির্মাণ কমিটির সভাপতি আব্দুল হামিদ সকল ধর্মপ্রাণ মুসলমানদের প্রতি মসজিদ নির্মাণে সকলের কাছে সহযোগিতার আহ্বান জানান এবং যারা সহযোগিতা করতে চান তারা যেন সরাসরি অথবা অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখা সঞ্চয় হিসাব নং-৯৭২৬, অনলাইন নং- ০২০০০০৯৪৫৬১৩২ নম্বরে দানের টাকা জমা দেন অথবা আঃ হামিদ (সভাপতি), মোবাঃ ০১৭১৫-৮৪৯৩৮৪ মতিরুল ইসলাম (কোষাধ্যক্ষ), ০১৭২১-৭১৭৯৭৬ নাম্বারে যোগাযোগ করার জন্য অনুরোধ করেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা যুবদলের সদস্য সচিব ও কেদারগঞ্জ এমবিআর বাজার কমিটির সাধারণ সম্পাদক আনোয়ারুল ইসলাম, মাও:আব্দুল লতিফসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং কেদারগঞ্জ এমবিআর বাজার কমিটির সদস্যবৃন্দ ও ব্যবসায়ীবৃন্দ।

মুজিবনগরে অজানা রোগে মারা গেছে খামারির ৭টি গরু

মুজিবনগরে অজানা রোগে হঠাৎ মারা গেছে আনন্দবাস বিশ্বাস পাড়ার পটল বিশ্বাসের স্ত্রী খামারি কহিনুর খাতুনের ৭টি গাভী গরু। গত বৃহস্পতিবার সন্ধায় এবং শুক্রবার সকালে পর্যায় ক্রমে গরুগুলি মারা যায়।

গরু মারা যাওয়ার বিষয়ে খামারি কহিনুর খাতুন জানান, ঘটনার দিন তিনি তার অসুস্থ মেয়েকে নিয়ে ডাক্তারের কাছে গিয়ে ছিলেন সন্ধায় খামার পরিস্কার করতে গিয়ে দেখেন একটি গরু মরে পড়ে আছে আরো দু- তিনটা গরুর নাক মুখ দিয়ে রক্ত বার হচ্ছে। সঙ্গে সঙ্গে তিনি স্থানীয় শিক্ষানবিস ভেটেরিনারি চিকিৎসক তপু রায়হানকে খবর দেন তিনি গিয়ে গরুর রোগের উপসর্গ দেখে মেহেরপুর সদর উপজেলা ভেটেরিনারি সার্জন ডা: শোয়ব সাকিব কে জানালে তিনি ব্যবস্থা পত্র দিয়ে চিকিৎসা দিতে বলেন পরবর্তিতে তিনি নিজে এসে চিকিৎসা প্রদান করেন। চিকিৎসার পরেও পর্যায়ক্রমে গরুগুলি মারা যায়।

তিনি আরো জানান, তিনি অনেক কষ্ট করে লোন তুলে গাভী গরুর খামারটি তিলে তিলে গড়ে তুলেছিলেন কিন্তু ভাগ্যের নির্মম পরিহাস ১৩ টি গরুর মধ্যে হঠাৎ ৭ টি গরু মারা গেছে। তিনি প্রায় নি:স্ব হয়ে গেছেন। ৭ গরুর মধ্য ৬ টি গরুর পেটে বাচ্ছা ছিল।

এ বিষয়ে সদর উপজেলা ভেটেরিনারি সার্জন ডা: শোয়ব সাকিব জানান, কল পেয়ে তিনি ঘটনাস্থলে গিয়ে ছিলেন, উপসর্গদেখে মনে হয়েছিল গরুগুলি বিষক্রিয়ায় আক্রান্ত হয়ে ছিল। মাঠে থেকে যে ঘাস নিয়ে এসে গরুগুলি কে খাওয়ানো হয়েছিল সম্ভবত সেই ঘাসে বিষ জাতীয় কিছু ছিল তার কারনে গরুগুলি মারা গেছে।

এ বিষয়ে মুজিবনগর উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা: হারিছুল আবিদ জানান বিষয়টি আমি শুনেছি বিভিন্ন তথ্য যাচায় করে আমরা জানতে পেরেছি গরুগুলি নাইট্রেট পয়জনের কারণে মারা গিয়েছে।

আমরা প্রাণিসম্পদ অফিস থেকে চেষ্টা করব তার দিকে সহযোগিতার হাত

বাড়িয়ে দেওয়ার এবং সরকারি অনুদান পাওয়ার ক্ষেত্রে আমরা সর্বোচ্চ চেষ্টা করব।

গাংনীতে যুবদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

মেহেরপুরের গাংনীতে বর্ণাঢ্য র্যালী, সমাবেশ এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে দিয়ে যুবদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

আজ রবিবার বিকেলে গাংনী উপজেলা যুবদলের আয়োজনে এক বিশাল র্যালী গাংনী বাসস্ট্যান্ড থেকে শুরু করে উপজেলা পরিষদ চত্বর প্রদক্ষিণ করে একই স্থানে শেষ হয়। এরপর গাংনী বাসস্ট্যান্ডে সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে গাংনী উপজেলা যুবদলের সদস্য সচিব জাহিদুল ইসলাম এর সঞ্চালনায় সভাপতিত্ব করেন উপজেলা যুবদলের আহবায়ক মালেক হোসেন চপ্পল।
উক্ত সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিলটন।

এ সময় তিনি বলেন, গনতন্ত্রকে পুনরুদ্ধার করতে অতন্দ্র প্রহরী হিসেবে পাহারা দেবে জাতীয়তাবাদী যুবদল। আওয়ামী লীগ এখনো নৈরাজ্য সৃষ্টি করার চেষ্টা করছে। চাঁদাবাজি, সন্ত্রাসী কার্যকলাপ কেউ যদি করে তাহলে আপনারা তাকে প্রতিহত করবেন। তাকে ধরে যৌথ বাহিনীর হাতে তুলে দেবেন। এছড়াও তিনি বলেন, তারেক রহমানের নামে যে সকল মিথ্যা মামলা দেওয়া হয়েছে তা অবিলম্বে প্রত্যাহার করতে হবে।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা যুবদলের সিনিয়র সহসভাপতি আব্দাল হক।

সমাবেশে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওসার আলী।

এছাড়াও বক্তব্য রাখেন জেলা যুবদলের সহসভাপতি বিকলুস হক, পৌর যুবদলের আহবায়ক সাহিদুল ইসলাম, সদস্য সচিব এনামুল হক।

এসময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহসভাপতি শহিদুল ইসলাম নাসির,জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আব্দুল আওয়াল বিশ্বাস, আলফাজ উদ্দিন কালু,ইনসারুল হক, উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, পৌর বিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান, যোলটাকা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মনিরুজ্জামান মনি, সহ বিভিন্ন ওয়ার্ড থেকে আগত নেতা ও কর্মী বৃন্দরা।

গাংনী উপজেলার বিভিন্ন ইউনিয়ন এবং ওয়ার্ড থেকে দলে দলে যুবদলের নেতা ও কর্মী বৃন্দরা সমাবেশে যোগদান করে।

মেহেরপুরে যুবদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল মেহেরপুর জেলা শাখার আয়োজনে নানা কর্মসূচির মধ্য দিয়ে সংগঠনটির ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

কর্মসূচির মধ্যে ছিল জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, রক্তদান কর্মসূচি, কেক কাটা, দোয়া মাহফিল ও আলোচনা সভা।

আজ রবিবার (২৭ অক্টোবর) বিকেলে একটি শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি মেহেরপুরে শহরের মল্লিক পুকুরের উপর থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়। পরে সেখানে আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনা সভায় বক্তব্য রাখেন, জেলা যুবদলের সহ সাধারণ সম্পাদক হুজাইফা ডিক্লিয়ার।

এ সময় মেহেরপুর সদর যুবদল নেতা বখতিয়ার, ইউনুস আলী, মাসুুদ, রাজু, সাবেক ছাত্রদল নেতা জয়নাল আবেদীন অভি, লিটন, ফাহিম,

মুজিবনগর যুবদল নেতা সিরাজ, এরশাদ, জাহাঙ্গীর, ইয়াসিন বাসিম, ইদ্রিস, মোঃ ইমরান হোসেন, স্বপন, মাসুদ, সুজন, বাবু, হাবিবর, পলাশ, বারাদী ইউনিয়ন যুবদল নেতা আসলামউদ্দীন বিট্টুসহ বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলোচনা সভার স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি অনুষ্ঠিত হয়। পরে কেক কাটা ও দোয়া মাহফিলের মাধ্যমে দিনটির সমাপ্তি ঘটে।

মেহেরপুরে নানা আয়োজনে যুবদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত

মেহেরপুরে নানা আয়োজনে জাতীয়তাবাদী যুবদলের ৪৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপিত হয়েছে। প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা, দোয়া মাহফিল এবং দুস্থ ও পথচারীদের মাঝে খাবার বিতরণ কর্মসূচির আয়োজন করা হয়।

জেলা যুবদলের আইন বিষয়ক
সম্পাদক এ্যাড. এহান উদ্দিন
মনার খাবার বিতরণ

আজ রবিবার (২৭ অক্টোবর) দুপুর ৩ টার দিকে জেলা যুবদলের নেতৃবৃন্দের আয়োজনে এবং জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক এ্যাড. এহান উদ্দিন মনা ও সদস্য মেহেদী হাসান রোলেক্সের তত্বাবধানে মেহেরপুর শহরের মল্লিকপাড়া দবিরের মোড়ে এ আলোচনা সভা ও খাবার

বিতরণ করা হয়।

জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ও যুবদল নেতা ফিরোজুর রহমান ফিরোজের সঞ্চালনায় আলোচনা সভায় যুবদল নেতা রাকিবুল ইসলাম সজল, রেমিন শেখ, বখতিয়ার হোসেন, কাবরান শেখ, জেলা যুবদলের সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক আসাদুজ্জামান জনিসহ বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলোচনার পরে বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনা ও ৫ আগস্টের শহীদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

আলোচনা সভা শেষে প্রায় সাড়ে ৭শ দুস্থ ও পথচারীদের মাঝে খাবার বিতরণ করা হয়।

মেহেরপুর সদর উপজেলা বিসিডিএসের আহ্বায়ক কমিটি গঠন

আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে মেহেরপুর সদর উপজেলা বিসিডিএসের ৫ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে।

আজ রবিবার (২৭ শে অক্টোবর) সকাল সাড়ে ১১ টার দিকে বাংলাদেশ কেমিস্টস এন্ড ড্রাগিস্টস সমিতি মেহেরপুর জেলা শাখার আয়োজনে কার্যনির্বাহী ও সদস্য সাইফুল ইসলামের সঞ্চালনায় ওভারট্রাম রেস্টুরেন্টে সদর উপজেলা বিসিডিএসের ৫ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন করা হয়।

এ সময় মেহেরপুর জেলা বিসিডিএসের আহ্বায়ক রিনু, ইলিয়াস হোসেনকে আহ্বায়ক, বাবর আলীকে যুগ্ম আহ্বায়ক ও নির্বাহী সদস্য হিসেবে জাহাঙ্গীর আলম বাবলু, শামীম হাসান এবং মাহফুজুর রহমানের নাম ঘোষণা করে ৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে ।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিসিডিএসের কার্যনির্বাহী সদস্য ইসমাইল

হোসেন, কাজী খয়রুদ্দিন, সাইফুল ইসলাম, ইমন বিশ্বাস, বেনজির আহমেদ, সাবেক দপ্তর সম্পাদক মতিউর রহমান প্রমুখ।

মেহেরপুরে গণ অধিকার পরিষদের তৃতীয় প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মেহেরপুর ন্যায়বিচার অধিকার ঐতিহ্য সংগ্রাম ও সাফল্যের গণ অধিকার পরিষদের তৃতীয় তম প্রতিষ্ঠা বার্ষিক আয়োজন করা হয়েছে।

আজ শনিবার (২৬ শে অক্টোবর) বিকেল পাঁচটার সময় ৯ নম্বর ওয়ার্ডে মাদ্রাসা পাড়ায় মেহেরপুর জেলা গণধিকার পরিষদ জিওপি জেলা কার্যালয় কেক কাটা অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন আবায়ক মোঃ খালেছুর রহমান, সদস্য সচিব সাইফুল ইসলাম, যুগ্ম সদস্য সচিব শেখ রাজু আহমেদ, সদর উপজেলার আহবায়ক আরিফ জামান ,আমদহ ইউনিয়নের সাংগঠনিক সম্পাদক (দায়িত্বপ্রাপ্ত) শাহাদাত হোসেন,৮ নম্বর ওয়ার্ডের মোঃ ইমরান, ১ নম্বর ওয়ার্ডের শরিফুল ইসলাম, সাইদুর রানা, মাসুদ রানা ,সালাউদ্দিন রনি,সাঈদ হাসান প্রমুখ।

মেহেরপুরে জেলা বিএনপির একাংশ ও জেলা ছাত্রদলের একাংশের সংবাদ সম্মেলন অনুষ্ঠিত।

মেহেরপুরে জেলা বিএনপির একাংশ ও জেলা ছাত্রদলের একাংশের সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২৬ অক্টোবর) সন্ধ্যা ৬ টার দিকে মেহেরপুর শহরের বড় বাজার অফিসে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন, জেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক মিজান মেনন, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি।

এসময় তারা বলেন, মেহেরপুর শহরের পৌর কলেজ তথাকথিত ছহিউদ্দিন ডিগ্রী কলেজের পরিচালনা পরিষদের গভার্নিং বোর্ডের সভাপতি পরিবর্তন করে গত ২২ অক্টোবর একজন সমাজ বিরোধী চিহ্নিত অপরাধী মেহেরপুর আটলান্টিকা হোটেলের অপকর্ম মামলার তালিকা ভুক্ত আসামি বহু অপকর্মের অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান তুহিনকে দায়িত্ব অর্জন করার প্রতিবাদে অত্র কলেজের শিক্ষার্থী তথা মেহেরপুরের জনসাধারণের পক্ষে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে।

এছাড়াও তারা বলেন, শিক্ষা প্রতিষ্ঠান হচ্ছে মানুষ গড়ার কারখানা শিক্ষায় জাতির মেরুদন্ড, অথচ সেই প্রতিষ্ঠানে সভাপতি নিযুক্ত করা হয় একজন চিহ্নিত দূর জন ব্যক্তিকে, আমার প্রশ্ন এই প্রতিষ্ঠান থেকে কি শিক্ষা পাবে কোমলমতি শিক্ষার্থীরা? আমরা আরো মনে করি একজন দুর্বৃত্ত শিক্ষাপ্রতিষ্ঠানের দায়িত্ব পেতে সহযোগিতা করে একটি কুচক্রী মহল।

আমরা এই সংবাদ সম্মেলনের মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এবং মেহেরপুরের জেলা প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করছি অনত্তবিলম্বে এডভোকেট মোস্তাফিজুর রহমান তুহিনকে অপসারণ করে একজন শিক্ষানুরাগী সর্ব মহলে গ্রহণযোগ্য পরিচ্ছন্ন ব্যক্তি কে দায়িত্ব দেওয়ার দাবি জানাচ্ছি।

এছাড়াও এসময় উপস্থিত ছিলেন জেলা জিয়া সাইবার ফোর্সের যুগ্ম আহ্বায়ক নাজমুল হাসান সোহাগ, যুবদল নেতা মোঃ উজ্জ্বল, মোঃ ইদ্রিস, জয়নাল, চাঁদ আলী, সুরুজ, ইলিয়াস, জনি, রুবেলসহ বিভিন্ন ইউনিয়নে নেতাকর্মীরা।

গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতি’র অভিষেক অনুষ্ঠান

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির সভাপতি মো: আবুল কাসেম বলেন, শিক্ষকদের শতভাগ বিভাগীয় পদন্নোতিসহ প্রধান শিক্ষকদের নবম এবং সহকারি শিক্ষকদের দশম গ্রেডের দাবি শিক্ষক সমাজের। এই দাবির বাস্তবতা বিবেচনা করে সরকার শিক্ষকদের প্রতি সহানুভূতিশীল হবে বলে শিক্ষক সমাজের প্রত্যাশা বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির গাংনী উপজেলা শাখার নবনির্বাচিত কমিটির অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

আজ শনিবার (২৬ অক্টোবর) দুপুরে নবনির্বাচিত ”গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতি” উপজেলা পরিষদ সভাকক্ষে এই অভিষেক অনুষ্ঠানের আয়োজন করে।

গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সাবেক সভাপতি মো: সাহাব উদ্দীনের (সদ্য অবসরপ্রাপ্ত) সভাপতিত্বে অনুষ্ঠিত অভিষেক অনুষ্ঠানে সম্মানিত অতিথির বক্তব্য রাখেন, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক মো: মোস্তাফিজুর রহমান শাহীন, সিনিয়র সহসভাপতি মো: লিয়াকত আলী খান, সিনিয়র সহ-সভাপতি মাসুদুল করিম, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান গগন, মো: কামরুজ্জামান চৌধুরী লিটন, বরিশাল বিভাগীয় প্রাথমিক শিক্ষক সমিতির মিডিয়া সম্পাদক সালমান আজিম।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির মেহেরপুর জেলা শাখার সভাপতি হাফিজুর রহমান বকুল, সাধারণ সম্পাদক সাদিকুর রহমান।

বেতবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক রোকনুজ্জামান পলাশ ও হাড়িয়াদহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক মোছা: লাবনী খাতুনের উপস্থাপনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির গাংনী উপজেলা শাখার সভাপতি আক্তারুজ্জামান বকুল, সাধারণ সম্পাদক সেলিম আহমেদ, এবাদতখানা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও গাংনী প্রাথমিক শিক্ষক সমিতির সিনিয়র সহসভাপতি কাওছার আলী, প্রাথমিক শিক্ষক সমিতির মেহেরপুর সদর উপজেলা শাখার সভাপতি শফিকুল

ইসলাম মিন্টু, সাধারণ সম্পাদক মীর সাদিক ওয়াহিদ নিয়ন ।

স্বাগত বক্তব্য রাখেন অভিষেক অনুষ্ঠানের সভাপতি সাহাব উদ্দীন।

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের অধিকার, সম্মান ও মর্যাদা আদায়ের লক্ষে প্রাথমিক শিক্ষক সমিতি কাজ করছে উল্লেখ করে প্রধান অতিথি আরও বলেন, বর্তমান বাজার মূল্যের সাথে প্রাথমিক শিক্ষকদের বেতন কাঠামো যায়না। আমরা সেই অধিকার নিয়ে আন্দোলন করছি। বাংলাদেশ শিক্ষক সমিতি নেতৃত্ব তৈরীর কারখানা। এখানে নতুন নতুন নেতৃত্ব তৈরী করা হয়। একটি মহল অবৈধ সুবিধা আদায়ের লক্ষ্য বিভ্রান্ত ও অপপ্রচার চালিয়ে অনেকগুলো সমিতি তৈরী করেছেন। এগুলো থেকে শিক্ষকদের সর্তক থাকতে হবে।

তিনি বলেন, ইতোমধ্যে এই বৈষম্য দুরিকরনে সরকারের পক্ষ থেকে শিক্ষা কমিশন গঠন করা হয়েছে। প্রাথমিক শিক্ষাকে ঢেলে সাজাতে সকল ধরনের প্রস্তাবনা প্রাথমিক শিক্ষক সমিতির পক্ষ থেকে অন্তবর্তি সরকারের গঠিত শিক্ষা কমিশনকে দেওয়া হয়েছে।

প্রধান অতিথি বলেন, শিক্ষকদের মাঠ পর্যায় থেকে কর্মসূচি শুরু করতে হবে। যা পরবর্তিতে কেন্দ্রীয় পর্যায়ে চুড়ান্ত আন্দোলন করা হবে। আগামি রবিবার থেকে আমরা বিদ্যালয় পর্যায়ে কালো ব্যাজ ধারণ করবো। এবং বৃহস্পতিবার এক দফা দাবিতে প্রধান উপদেষ্টার কাছে আবেদন নিজ নিজ ফেসবুকে পোষ্ট করা হবে।

অভিষেক অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথির বক্তব্যে বাংলাদেশ শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান শাহীন বলেন, সরকারকে বিব্রত করে নয়, বিগত সরকার আমাদের উপর যে বৈষম্য করেছে সেগুলো অন্তবর্তি সরকারের কাছে আমরা তুলে ধরবো।

প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে শিক্ষকদের কাজ করতে হবে। কোনো বিদ্যালয়ে ৫০ শিক্ষার্থী না থাকলে সরকার বিদ্যালয় বন্ধের চিন্তা করছে। বিদ্যালয়ে শিক্ষার্থী না থাকলে শিক্ষকতাই তো থাকবেনা।

তিনি বলেন, আমাদের বুঝতে হবে অন্তবর্তিকালীন সরকারের কতটুকু কার্যক্ষমতা আছে। কৌশল অবলম্বন করে সরকারের সাথে আলোচনা চালিয়ে দাবি আদায় করতে হবে। তাই, মানববন্ধন আর রাস্তায় দাঁড়ালে দাবি আদায় হবেনা। মাঠ পর্যায়ে পিটিআই বা যেখানে সেখানে দাড়িয়ে আন্দোলন সফল হবেনা। দাবিও আদায় হবেনা। তবে এটারও দরকার আছে যোগ করেন তিনি।

অভিষেক অনুষ্ঠানে নবনির্বাচিত গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

সাবেক মন্ত্রী ফরহাদের মদদে কোটিপতি ছাত্রলীগ নেতা বাঁধন

সাবেক জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের মদদপুষ্ট জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন কয়েক কোটি টাকার মালিক হয়েছেন। মন্ত্রীর মদদে বিভিন্ন উন্নয়ন মূলক কাজের ঠিকাদারী বাগিয়ে নিয়ে তিনি সম্পদের মালিক হন।

এছাড়া অনলাইন জুয়ার পরিচালনা করেও হয়েছেন টাকার মালিক। ছাত্রলীগের রাজনীতি থেকে ব্যবসায়ী বা আর্থিক সুবিধা নেওয়ার নিয়ম না থাকলে ক্ষমতার দাপটে তিনি এসকল সুবিধা নিয়েছেন। তার দাদা আমিনুল ইসলাম মুজিবগর উপজেলার যতারপুর গ্রামের একজন তালিকাভুক্ত রাজাকার। চাচা আমাম হোসেন মিলু মুজিবনগর উপজেলার অপসারিত চেয়ারম্যান। চাচার হাত ধরে তিনি মন্ত্রীর পাশে স্থান করে নেন। মন্ত্রীর সুপারিশে বনে যান ছাত্রলীগের জেলা কমিটির সভাপতি।

অভিযোগ রয়েছে আব্দুস সালাম বাঁধন ও তার চাচা আমাম হোসেন মিলু মেহেরপুরের অনলাইন জুয়ার অন্যতম গডফাদার। সরকার পরিবর্তনের পর থেকে চাচা-ভাতিজা দুজনই আত্মগোপনে রয়েছেন। তাদের বিরুদ্ধে সন্ত্রাসী আইনে কয়েকটি মামলাও হয়েছে।

অনলাইন জুয়ার অপরাধে বিভিন্ন সময় পুলিশ প্রায় অর্ধশত এজেন্টকে গ্রেফতার করলেও সাবেক জনপ্রশাসন মন্ত্রীর সিগনাল থাকায় এই দুই চাচা-ভাতিজাকে গ্রেফতার করতে পারেনি পুলিশ। এনিয়ে পুলিশ কর্মকর্তাদের মধ্যে ওই সময় আক্ষেপ ছিলো। তবে তা প্রকাশ করতে পারেনি।

আব্দুস সালাম বাঁধন জেলা ছাত্রলীগের সভাপতির দায়িত্ব পালন করেছেন। ছাত্রলীগের সভাপতি হলেও গঠণতন্ত্র অমান্য করে তিনি বিয়ে করেছেন, এক কন্যা সন্তানের পিতা, পেশায় ঠিকাদারী ব্যবসায়ী।

ছাত্রলীগের জেলা কমিটির মেয়াদ অনেক আগে শেষ হলেও ক্ষমতার লিপ্সু বাঁধন সম্মেলনও করেননি।

নাম প্রকাশে অনিচ্ছুক ছাত্রলীগের কয়েকজন নেতা জানান, জেলা কমিটির সভাপতি বিবাহিত এবং এক কন্যা সন্তানের বাবা। তিনি ঠিকাদারী ব্যবসার আড়ালে মূলত অনলাইন জুয়ার অন্যতম সম্রাট। ক্ষমতায় থাকার কারণে তার বিরুদ্ধে কেউ কোন কথা বলতে না পারলেও ভিতরে তাদের ক্ষোভ রয়েছে।

ছাত্রলীগের সভাপতির পদ বাগিয়ে তিনি হয়েছেন কোটিপতি। ছাত্র না থাকলেও তিনি মায়ের নামে ঠিকাদারি প্রতিষ্ঠান তৈরি করে বিভিন্ন দপ্তরের কাজ করছেন। সড়ক ও জনপথ বিভাগ, এলজিইড, শিক্ষা প্রকৌশল অধিপ্তরের বিভিন্ন উন্নয়নমূলক কাজ বিভিন্ন ঠিকাদের সাথে লিয়াজু করে কাজ করতেন। প্রতিটি কাজে রয়েছে অনিয়ম ও দুনীতির অভিযোগ। আব্দুস সালাম বাঁধনের অনিয়ম নিয়ে আওয়ামী লীগ ক্ষমতায় থাকাকালীন সময়েও কালের কণ্ঠতে সংবাদ প্রকাশিত হলে তার বিল আটকিয়ে দেয় সড়ক ও জনপথ বিভাগ। পরে সিডিউল মোতাবেক কাজ করে তাকে বিল নিতে হয়েছে। এছাড়া কয়েকটি কাজে অনিয়মের কারণে দুদকের অনুসন্ধানও চলছে বলে জানা গেছে।

এ সকল অনিয়ম, কমিটির পদ, অনলাইন জুয়ার মাধ্যমে তিনি হয়েছেন কোটি কোটি টাকার মালিক। নিজ গ্রাম মুজিবনগর উপজেলার যতারপুরে এক সঙ্গে একই দাগে কিনেছেন ৫বিঘা জমি। যার বর্তমান বাজার মূল্যো প্রায় দেড় কোটি টাকা। এছাড়া শহরে এবং গ্রামেও তার জমি কেনার খবর পাওয়া গেছে। ছাত্রলীগের সভপতি হলেও তিনি যাতায়াত করতেন প্রাইভেট কারে। পরে বিষয়টি সমালোচনা কারটি বিক্রি করে দেন বলে জানা গেছে।

২০১৮ সালের ৩ জানুয়ারি সম্মেলনের মাধ্যমে জেলা ছাত্রলীগের সভাপতি নির্বাচিত হন আব্দুস সালাম বাঁধন। পরবর্তিতে ২০১৯ সালের ১৪ জুলাই পুর্নাঙ্গ কমিটির অনুমোদন দেয় কেন্দ্রীয় ছাত্রলীগ।

ছাত্রলীগের নেতারা অভিযোগ করে বলেন, জেলা কমিটির সভাপতি বিবাহিত এবং ব্যবসায়ী হওয়ার কারণে তার বিরুদ্ধে কেন্দ্র একাধীক বার অভিযোগ দেওয়া হয়েছে তবুও কেন্দ্র কোন ব্যবস্থা নেননি। ফলে জেলা কমিটি ও অন্যান্য ইউনিটের কমিটিগুলো অনেক বিবাহিত নেতা তৈরি হয়েছে। যা ছাত্র রাজনীতির জন্য কাল হয়েছে।